

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৬৫৫

৭/ সিয়াম বা রোযা (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৭/৭. চাঁদ দেখে রোযা রাখো এবং চাঁদ দেখে ইফতার (ঈদ) করো।

بَابِ مَا جَاءَ فِي صُومُوا لِرُونْيَتِهِ وَأَفْطِرُوا لِرُونْيَتِهِ

আরবী

حَدَّثَنَا أَبُو مَرْوَانَ الْعُثْمَانِيُّ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم إِذَا رَأَيْتُمْ الْهِ كَانُ فَصُومُوا قَالَ ثَالَاثِينَ يَوْمًا الْهِلَالَ فَصُومُوا قَلَاثِينَ يَوْمًا

বাংলা

২/১৬৫৫। আবৃ হুরাইরাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা নতুন চাঁদ দেখে রোযা রাখা শুরু করবে এবং (শাওয়ালের) নতুন চাঁদ দেখে ইফতার (ঈদ) করবে। তোমাদের আকাশ মেঘাচ্ছন্ন থাকলে তোমরা তিরিশ দিন রোযা রাখবে।

English

It was narrated from Abu Hurairah that the Messenger of Allah (ﷺ) said: "When you see the new crescent then fast, and when you see it then stop fasting. If it is cloudy then fast thirty days."

ফুটনোট

সহীহুল বুখারী ১৯০৯, মুসলিম ১০৮১, তিরমিয়ী ৬৮৪, নাসায়ী ২১১৭, ২১১৮, ২১১৯, ২১২৩, আহমাদ ৭৪৬৪, ৭৫২৭, ৭৭২১, ৭৮০৪, ৯১১২, ৯২৭১, ২৭২১১, ২১৩১৭, দারেমী ১৬৮৫ ইরওয়াহ ৯০২

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবু মারওয়ান মুহাম্মাদ বিন উসমান আল উসমানী সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি সিকাহ। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন ও সিকাহ রাবীর বিপরীত হাদিস বর্ণনা করেন। ইবনু হাজার আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। ইমাম বুখারী তাকে সত্যবাদী বলেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৪৫৪, ২৬/৮১ নং পৃষ্ঠা)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন